খালেদা জিয়ার সুস্থতা কামনায় সিলেট মহানগর বিএনপির দোয়া মাহফিল

চেম্বার ডেস্ক:: বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় সিলেটে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বাদ জুমআ নগরীর দরগাহে হযরত শাহজালাল (র.) মাজার মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

সিলেট মহানগর বিএনপির আহ্বায়ক আব্দুল কাইয়ুম জালালী পংকী ও সদস্য সচিব মিফতাহ সিদ্দিকীসহ মাহফিলে মহানগর বিএনপি, বিভিন্ন ওয়ার্ড বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী ও মুসল্লী অংশ নেন। মাহফিলে খালেদা জিয়ার আশু রোগ মুক্তি ও সুস্থতা কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

এছাড়া মাহফিলে জিয়াউর রহমান, আরাফাত রহমান কোকোর মাগফেরাত কামনা, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্বাস্থ্য দীর্ঘায়ু কামনা, করোনা মহামারী থেকে মুক্তি ও দেশ জাতির মঙ্গল কামনা করে মোনাজাত করা হয়।

মাহফিলে উপস্থিত ছিলেন, সিলেট মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক কাউন্সিলার রেজাউল হাসান কয়েস লোদী, যুগ্ম আহ্বায়ক সৈয়দ মিসবাহ উদ্দিন, যুগ্ম আহ্বায়ক এমদাদ হোসেন চৌধুরী, যুগ্ম আহ্বায়ক নজিবুর রহমান নজিব, যুগ্ম আহ্বায়ক সৈয়দ মঈন উদ্দিন সুহেল, সদস্য মাহবুব কাদির শাহী, হুমায়ুন আহমদ মাসুক, মতিউল বারী চৌধুরী খোর্শেদ, আবুল কালাম, মহানগর সাবেক মানবাধিকার বিষয়ক সম্পাদক মুফতি নেহাল উদ্দিন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক খসরুজ্জামান খসরু, সাবেক পল্লী উন্নয়ন সম্পাদক আব্দুল জব্বার তুতু, সাবেক উপ কোষাধ্যক্ষ শেখ মো. ইলিয়াস আলী, সাবেক সহ-সাংস্কৃতিক সম্পাদক কয়েস আহমদ সাগর, সাবেক সদস্য শহিদ আহমদ, সাব্বির আহমদ, ১নং ওয়ার্ডের সাবেক সভাপতি মুফতি রায়হান উদ্দিন মুন্না, ৭নং ওয়ার্ডের সাবেক সাধারণ সম্পাদক এম মখলিছ খান, ২২নং ওয়ার্ডের সাবেক সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম, ১নং ওয়ার্ডের সাবেক সাংগঠনিক সম্পাদক নজির হোসেন, মহানগর যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য মির্জা সম্রাট, এমদাদুল হক স্বপন, দুলাল আহমদ, জেলা ছাত্রদলের

সহ-সভাপতি মাসরুর রাসেল, মহানগর শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক ইমরান খান, মহানগর স্বেচ্ছাসেবক দলের সদস্য কাউছার হোসেন রকি ও বিমল দেবনাথ, মহানগর ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক আব্দুল মুকিত তুহিন, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক সাহিদুর রহমান বিপ্লব, মহানগর যুগ্ম সম্পাদক সেলিম মিয়া, সহ-সাংগঠনিক সম্পাদক সানোয়ার হোসেন সজীব ও ইমাম মোহাম্মদ জাহাঙ্গীর, মহানগর সহ-সাংগঠনিক সম্পাদক আকিকুর রহমান চৌধুরী জিসান, তথ্য ও গবেষনা সম্পাদক আশরাফুল আলম মাহি, কৃষি বিষয়ক সম্পাদক জাহিদুল ইসলাম, আপ্যায়ন সম্পাদক ইফতেখার আহমদ চৌধুরী সানি, আইন সম্পাদক হাবিবুর রহমান, মদন মোহন বিশ^বিদ্যালয় কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক শাহান আল মাহমুদ খান ও সহ- মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক নয়ন পাশা প্রমুখ।